Campsie পাবলিক স্কুলে ২০১৬ স্বাগত জানাই

সোমবার ফেব্রুয়ারী ১, ২০১৬

প্রিয় অভিভাবক, কেয়ারার এবং বন্ধুরা

Campsie পাবলিক স্কুল এ ২০১৬ তে খুব উষ্ণ স্বাগত। আমি আশা করি আপনি আপনার পরিবার এবং বন্ধুদের সাথে একটি সুন্দর ছুটির দিন কাটিয়েছেন এবং বিশ্রাম শেষে একটি নতুন শিক্ষা বছরের জন্য প্রস্তুত। প্রথমত সব কমিউনিটির সদস্যদের ধন্যবাদ গত সপ্তাহে প্রিন্সিপাল হিসেবে আমার কাজের শুরুতে আমাকে স্বাগত জানানোর জন্য। আমি বিশ্বাস করি প্রিন্সিপাল এর ভূমিকা গুরুত্বপূর্ণ এবং কমিউনিটির সদস্যদের – ছাত্র-ছাত্রী, কর্মী, অভিভাবক এবং বন্ধু যারা স্কুলের জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং গর্বিত তাদের সাথে এক হয়ে কাজ করার বিশেষ অধিকার আছে। আমি যৌথ শিক্ষাগত নেতৃত্ব সম্পর্কে উৎসাহী যাতে আমাদের ছাত্র-ছাত্রীরা সাংস্কৃতিক পটভূমি বা একাডেমিক দক্ষতা নির্বিশেষে তাদের পূর্ণ সম্ভাবনায় পৌঁছাতে নিশ্চিত হয়।

সমৃদ্ধ সাংস্কৃতিক বৈচিত্র্য ও Campsie পাবলিক স্কুল এ মানসম্মত ভাষা প্রোগ্রাম , সেইসাথে ২১ শতকের প্রযুক্তি আলিঙ্গন করার অঙ্গীকার এবং Literacy, Numeracy র স্পষ্ট শিক্ষাদান পদ্ধতি আমাদের কিন্ডারগার্টেন থেকে ৬ষ্ট শ্রেণীর ছাত্র-ছাত্রীদের উচ্চ মানের শিক্ষা প্রোগ্রাম প্রদান করবে। ক্রীড়ায় এবং সৃজনশীল শিল্পকলায় অতিরিক্ত পাঠক্রম সংক্রান্ত প্রোগ্রাম (extra curricular programs) শ্রেণীকক্ষর বাইরে অনন্য সুযোগ প্রদান করবে।

যেহেতু 2016 সালে ত্রিশটি ক্লাস গঠন করা হবে এবং এটা আমার জন্য খুবই গুরুত্বপূর্ণ যে প্রতিটি শ্রেণীকক্ষ যাওয়া এবং ছাত্র-ছাত্রীদের জানা। আমি আমার ডেডিকেটেড কর্মী এবং সব কমিউনিটির সদস্যদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছি যাতে আমাদের শিক্ষার্থীদের ক্রমাগত শেখার ফলাফল উন্নত হয়।

আমার সাথে দেখা করতে ও পরিচিত হতে এবং আমাদের কমিউনিটি সম্পর্কে কোনো অতিরিক্ত তথ্য জানা থাকলে আমাকে প্রদান করতে দয়া করে বিব্রত বোধ করবেন না। অফিসের মাধ্যমে বা 97183083 এ টেলিফোন করে একটা এপয়েন্টমেন্ট করে দেখা করতে স্বাগত জানাই।

এই টার্মে আমাদের প্রথম P&C সভা সন্ধ্যা ৭টায়, বুধবার, ২৪শে ফেব্রুয়ারি, ২০১৬ তে । অনুগ্রহ করে আসুন এবং P&C সম্পর্কে জানুন এবং আপনি আপনার ধারনা প্রয়োগ করবেন যাতে আমরা আমাদের শিক্ষার্থীদের স্বার্থে ঘনিষ্ঠভাবে একসঙ্গে কাজ করতে পারি।

আবারো ধন্যবাদ

উষ্ণ শুভেচ্ছা,

Joanna French

Principal